

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৮৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রুকু ও সাজদার সময় পিঠ সোজা না করার ব্যাপারে হুশিয়ারী

ذِكْرُ الزَّجْرِ عَنْ أَنْ لَا يُقِيمَ الْمَرْءُ صُلْبَهُ فِي رُكُوعِهِ وَسُجُودِهِ

আরবী

1888 ـ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا مُسَدَّدُ بْنُ مُسَرْهَدٍ عَنْ مُلَازِمِ بْنِ عَمْرٍو عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَلِيّ بْنِ شَيْبَانَ الْحَنَفِيِّ عَنْ أَبِيهِ وَكَانَ أَحَدَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ بَدْرٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَلِيّ بْنِ شَيْبَانَ الْحَنَفِيِّ عَنْ أَبِيهِ وَكَانَ أَحَدَ الْوَفْدِ السِّتَّةِ قَالَ: قَدِمْنَا عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عليه وسلم فصلينا مَعَهُ فَلَمَحَ الْوَفْدِ السِّتَّةِ قَالَ: (إِنَّهُ لَا صلاة لمن لم يُقِمْ مِمُؤَخَّرِ عَيْنَيْهِ رَجُلًا لَا يَقَرُّ صَلْلُهُ فِي الرُّكُوعِ وَالسُّجُودِ فَقَالَ: (إِنَّهُ لَا صلاة لمن لم يُقِمْ صَلْلِه)

صحيح ـ ((صفة الصلاة)) , ((الصحيحة)) (2536).

الراوي: عَلِيّ بْن شَيْبَانَ الْحَنَفِيّ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1888 | خلاصة حكم المحدث: صحيح - ((صفة الصلاة)) , ((الصحيحة)) (2536).

বাংলা

১৮৮৮. আলী বিন শাইবান হানাফী রাদ্বিয়াল্লাহু আনহু, যিনি ছয়জনের প্রতিনিধি দলের একজন ছিলেন, তিনি বলেন, "আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে আগমন করি অতঃপর আমরা তাঁর সাথে সালাত আদায় করি। এসময় তিনি চোখের কোণায় লক্ষ্য করেন যে, এক ব্যক্তি রুকূ' ও সাজদায় তার পিঠ সোজা করছে না। তখন তিনি বলেন, "ঐ ব্যক্তির সালাত নেই, যে ব্যক্তি সালাতে তার পিঠ সোজা করে না।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/২৩; ইবনু মাজাহ: ৮৭১; সুনান বাইহাকী: ৩/১০৫; সহীহ ইবনু খুযাইমাহ: ৫৯৩, ৬৬৭।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ; ২৫৩৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু শায়বান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন